রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, সেপ্টেম্বর ৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**অপারেশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আগস্ট, ২০২৩

**নং ২৮.০০.০০০০.০২৬.৯৯.০০১.২২.৬৪**—সরকার নিম্নোক্ত শর্তে নতুন ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশন সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০১৪ অনুযায়ী এবং জ্বালানি তেল বিপণনে সরকার/বিপিসি কর্তৃক অনুমতিপ্রাপ্ত জ্বালানি তেল ব্যবসায়ী/ডিলারদের কমিশন এজেন্ট ঘোষণা করিল:

(ক) জ্বালানি তেলের ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য সরকার/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক নির্ধারিত হইবে। জ্বালানি তেলের কমিশন এজেন্ট শুধুমাত্র সরকার/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)/জ্বালানি তেল বিপণন কোম্পানি কর্তৃক সরবরাহকৃত জ্বালানি তেল বিক্রয় করিবার জন্য নির্ধারিত কমিশন ভোগ করিবে;

(খ) জ্বালানি তেলের কমিশন এজেন্টগণ তেল বিপণন কোম্পানির নিকট তেলের মূল্য পরিশোধ সাপেক্ষে জ্বালানি তেল গ্রহণ করিয়া গ্রাহকের নিকট বিক্রয়/সরবরাহ করিবে মাত্র। এর দ্বারা কমিশন এজেন্টগণ বিপণন কোম্পানির মালিকানা বা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কোনো অংশীদার বিবেচিত হইবে না;

(গ) জ্বালানি তেলের কমিশন এজেন্টগণ জ্বালানি তেল বিপণনে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং জ্বালানি তেল বিপণন কোম্পানির সাথে চুক্তি মোতাবেক/নির্দেশনা অনুসারে বিপণন/সরবরাহ কার্যক্রম পরিচালনা করিবে; এবং

(ঘ) কমিশন এজেন্টগণের জন্য জ্বালানি তেল ব্যবস্থাপনাসহ দেশে প্রচলিত যাবতীয় আইন, বিধি-বিধান এবং নীতিমালা প্রযোজ্য হইবে। তবে, দেশে প্রচলিত কোনো আইন, বিধি-বিধান এই প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হইলে সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান প্রাধান্য পাইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd